



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৫০/২০১৬/ ১৩৮৭২

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

সাদীপুর আমিনা ফাজিল মাদরাসা, ডাকঘর: গোয়ালন্দ মোড়, উপজেলা: রাজবাড়ী, জেলা: রাজবাড়ী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ৩০-০৩-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ:

১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং শ্রেণিকক্ষে মূল কিতাব পড়াতে হবে;
২. অধ্যক্ষের কক্ষ আরও দৃষ্টিনন্দন করার পাশাপাশি মাদরাসার মাঠ সংস্কার করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অর্থ ও হিসাব সংক্রান্ত সকল কার্যক্রম বিধি মোতাবেক করতে হবে;
৩. আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সকল শ্রেণির শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি বিষয়ে দক্ষ করে তোলার পাশাপাশি আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৪. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৫. শ্রেণিকক্ষে ছেলে-মেয়েদের জন্য আলাদা পার্টিশনের (পর্দা) ব্যবস্থা করতে হবে এবং মেয়ে শিক্ষার্থীদের জন্য মানসম্মত আলাদা কমনরুম, ওয়াশরুম ও নামাজের স্থান নির্ধারণ করতে হবে;
৬. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার হোস্টেল ব্যবস্থা আরও আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৭. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, বাজেট কমিটি, ক্রম কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি ও শৃংখলা কমিটি গঠন করতে হবে এবং মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা (শিক্ষক-শিক্ষার্থী), সিসি টিভির ব্যবস্থাসহ ক্লাসে শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেবরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৯. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম-ঠিকানা-কর্মস্থল-মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
১০. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, সাদীপুর আমিনা ফাজিল মাদরাসা

ডাকঘর: গোয়ালন্দ মোড়, উপজেলা: রাজবাড়ী, জেলা: রাজবাড়ী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৫০/২০১৬/ ১৩৮৭২

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, সাদীপুর আমিনা ফাজিল মাদরাসা, ডাকঘর: গোয়ালন্দ মোড়, উপজেলা: রাজবাড়ী, জেলা: রাজবাড়ী।
৭. অফিস নথি।

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩